



তারিখ: ১২-০৯-২০১৯

বিজ্ঞপ্তি

অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি মানোন্নয়ন পরীক্ষা এবং ১/২ বিষয় পরীক্ষায় অংশগ্রহণ করতে অগ্রহী, তাদেরকে আগামী ২২-০৯-২০১৯ খ্রি:, রোজ রবিবারের মধ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অধ্যক্ষ বরাবর লিখিত আবেদন প্রশাসনিক সেক্রেটারীর নিকট জমা দিতে বলা হচ্ছে।

মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য করণীয়

- যে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের এইচ.এস.সি পরীক্ষায় পাশ করেছে, কিন্তু আশানুরূপ ফলাফল না হওয়ায় মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে প্রস্তুতিমূলক ক্লাস ও MCQ Model Test-এ অংশগ্রহণ করতে হবে এবং জামানত হিসাবে ৫,০০০/- টাকা ফরম ফিলাপের সময় কলেজ কাউন্টারে জমা দিতে হবে। যারা এইচ.এস.সি-২০২০ পরীক্ষায় পুরোপুরি অংশগ্রহণ করবে, শুধুমাত্র তাদের জামানতের টাকা ফেরত দেওয়া হবে। অন্যথায় জামানতের টাকা অফেরতযোগ্য।

২০১৯ সালের এইচ.এস.সি পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য করণীয়

- এইচ.এস.সি ২০১৯-এ যে বিষয়ে ফেল করেছ সে বিষয়ে অবশ্যই ২৮-০৯-১৯ খ্রি: হতে অনুষ্ঠিতব্য নির্বাচনি ব্যবহারিক পরীক্ষা, ১৪-১০-১৯ খ্রি: হতে অনুষ্ঠিতব্য নির্বাচনি পরীক্ষা, প্রস্তুতিমূলক ক্লাস এবং MCQ Model Test-এ অংশগ্রহণ করতে হবে।
- এইচ.এস.সি ২০১৯-এ ১/২ বিষয়ে ফেল করেছ, কিন্তু মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে সকল বিষয়সমূহে অবশ্যই ২৮-০৯-১৯ খ্রি: হতে অনুষ্ঠিতব্য নির্বাচনি ব্যবহারিক পরীক্ষা, ১৪-১০-১৯ খ্রি: হতে অনুষ্ঠিতব্য নির্বাচনি পরীক্ষা, প্রস্তুতিমূলক ক্লাস এবং MCQ Model Test-এ অংশগ্রহণ করতে হবে।
- সকল বিষয়ে নির্বাচনি পরীক্ষা-২০১৯-এ অংশগ্রহণ করার জন্য পরীক্ষার ফি ১,০০০/- টাকা, শুধুমাত্র ১/২ বিষয়ে পরীক্ষার্থীদের বিষয় প্রতি ২০০/- টাকা আগামী ৩০-০৯-১৯ খ্রি:, রোজ সোমবারের মধ্যে কলেজ কাউন্টারে জমা দিতে হবে।



P. B. Bari
অধ্যক্ষ ১২/৭/১৭